**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/24/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

# প্লাজাতে শীতকালীন অনুষ্ঠানের মৌসুম শুরু হচ্ছে বলে গভর্নর হোকলের ঘোষণা

***3 ডিসেম্বর রিঙ্ক খুলবে এবং 4 ডিসেম্বর থেকে মৌসুমের প্রথম "হ্যানাফোর্ড ফ্রি স্কেট রেন্টাল স্যাটারডে" উদযাপিত হবে***

***5 ডিসেম্বর নর্থইস্টার্ন নিউ ইয়র্কের হাইমার্ক ব্লু শিল্ডের পরিচালনায় NYS হলিডে ট্রি লাইটিং ও আতশবাজি উৎসব আয়োজিত হবে***

***এম্পায়ার স্টেট প্লাজাকে মৌসুমি রঙে আলোকিত করে তোলার মধ্য দিয়ে OGS ও NYPA নতুন জ্বালানি দক্ষতাসম্পন্ন লাইটিং সিস্টেম উন্মোচন করবে***

গভর্নর ক্যাথি হোকল আজ প্লাজাতে শীতকালীন অনুষ্ঠানের মৌসুম আনুষ্ঠানিকভাবে শুরু হওয়ার কথা ঘোষণা করেছেন।

শুক্রবার, 3 ডিসেম্বর থেকে শুরু করে, আবহাওয়া অনুকূলে থাকলে, এম্পায়ার "স্কেট" প্লাজার আইস রিঙ্ক দুপুরে চালু করা হবে। নর্থইস্টার্ন নিউ ইয়র্কের হাইমার্ক ব্লু শিল্ডের (Highmark Blue Shield) আয়োজিত বার্ষিক হলিডে ট্রি লাইটিং অনুষ্ঠান 5 ডিসেম্বর, রবিবার দুপুর থেকে রাত 8টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

"প্লাজাতে শীতকালীন অনুষ্ঠান এই ছুটির মৌসুম উদযাপন করার একটি চমৎকার উপায়," **বলেছেন গভর্নর হোকল।** "হ্যানাফোর্ডের ফ্রি স্কেট রেন্টাল স্যাটারডে এবং জ্বালানি দক্ষতাসম্পন্ন আলোর ব্যবস্থার সঙ্গে, এসব অনুষ্ঠান সবার জন্য অ্যাক্সেসযোগ্য থাকবে ও ধরিত্রী-বান্ধব হবে - তাই কমিউনিটিতে বের হোন এবং শীলকালীন আনন্দ উপভোগ করুন।"

এছাড়াও এবছরের ট্রি লাইটিং-এ একটি নতুন জ্বালানি দক্ষতাসম্পন্ন লাইটিং সিস্টেম উন্মোচন করা হবে যা এম্পায়ার স্টেট প্লাজাকে মৌসুমি রঙে আলোকিত করে তুলবে।

**OGS-এর ভারপ্রাপ্ত কমিশনার জেনেট ময় বলেন,** "OGS-এর নতুন ভারপ্রাপ্ত কমিশনার হিসেবে, এম্পায়ার 'স্কেট' প্লাজাকে এই হিমশীতল আবহাওয়ায় দর্শনার্থীদের সক্রিয় থাকার জন্য মজার উপায় করে দেয় এমন ক্রিয়াকলাপের আয়োজন থাকা শীতকালীন গন্তব্যস্থলে রূপান্তর করার বার্ষিক ঐতিহ্য অব্যাহত রাখতে পারা একটি সম্মানজনক ব্যাপার। আমি সবাইকে 5

ডিসেম্বর তারিখে প্লাজা ট্রি লাইটিং ও আতশবাজি উৎসবে আসার মাধ্যমে এই ছুটির মৌসুম উদযাপন করতে উৎসাহিত করছি। প্লাজাতে শীতকালীন আয়োজন সম্ভব করে তোলায় আমি আমাদের পৃষ্ঠপোষকদের ধন্যবাদ জানাতে চাই। এছাড়াও আমি OGS-এ আমার টিম এবং NYPA-এ আমাদের অংশীদারদের এই প্লাজাকে বিদ্যুৎ ব্যবহারে দক্ষতাসম্পন্ন ও রঙিন আলো দিয়ে সাজিতে তুলতে তাদের কঠোর পরিশ্রমের জন্য অভিনন্দন জানাই।"

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority, NYPA)-এর সাথে অংশীদার হয়ে OGS নিউ ইয়র্ক স্টেটব্যাপী একাধিক OGS ফ্যাসিলিটিতে বিদ্যমান আলোর ব্যবস্থাকে LED লাইট দিয়ে প্রতিস্থাপন করে যাচ্ছে। এম্পায়ার স্টেট প্লাজার LED উন্নয়ন প্রকল্পের মধ্যে 95,000 ইন্টেরিয়র সংশোধন অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়া ভবনের বাইরের 360টি লাইটকে নতুন রঙ-পরিবর্তনশীল LED প্রযুক্তি দিয়ে প্রতিস্থাপন করাও এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে যা প্লাজার অনন্য স্থাপত্যকে একটি দৃষ্টি-আকর্ষণকারী প্রদর্শনীতে রূপান্তর করবে এবং একইসাথে স্টেটের বিদ্যুতের লক্ষ্যসমূহ পূরণ করবে। এই LED লাইটিং প্রকল্প শুরু করার জন্য OGS 2019 সালে NYPA-এর সাথে অংশীদারিত্ব সম্পন্ন করে, যেখানে NYPA প্রকল্পের অর্থায়ন, নকশা, ও নির্মাণকাজের ব্যবস্থাপনার জন্য দায়িত্বপ্রাপ্ত হয়।

নিউ ইয়র্ক স্টেটের "I Love NY" লোগো আগের বছরগুলোর মতোই রিঙ্কের কেন্দ্রে দৃশ্যমান থাকবে।

এই প্লাজা রিঙ্ক আরো একবার এই মৌসুমের জন্য পরিকল্পনা করা একগুচ্ছ ফ্রি ইভেন্ট ও ক্রিয়াকলাপে একটি বৃহৎ ভূমিকা পালন করবে, যা 3 ডিসেম্বর, শুক্রবার প্লাজা আইস রিঙ্ক খোলার দিন থেকে শুরু হবে যেখানে সন্ধ্যা 6টা থেকে রাত 8টা পর্যন্ত DJ T.G.I.F. সঙ্গীতের আয়োজন করবে। নর্থইস্টার্ন নিউ ইয়র্কের হাইমার্ক ব্লু শিল্ডের পরিচালনায় নিউ ইয়র্ক স্টেট হলিডে ট্রি লাইটিং 5 ডিসেম্বর, রবিবার অনুষ্ঠিত হবে। এছাড়াও নর্থইস্টার্ন নিউ ইয়র্কের হাইমার্ক ব্লু শিল্ডের পরিচালনায় এই মৌসুমের প্রথম লার্ন টু স্কেট (Learn to Skate) ক্লিনিক 11 ডিসেম্বর, শনিবার উন্মোচিত হবে।

হ্যানাফোর্ড সুপারমার্কেটের (Hannaford Supermarkets) সৌজন্যে, এম্পায়ার স্টেট প্লাজা আইস রিঙ্কে 2021-22 মৌসুমের প্রত্যেক শনিবার বিনামূল্যে স্কেট ভাড়া নেয়ার ব্যবস্থা থাকবে। প্রথম হ্যানাফোর্ড ফ্রি স্কেট রেন্টাল স্যাটারডে 4 ডিসেম্বর উদযাপিত হবে।

**NYPA-এর অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ও CEO জাস্টিন ই. ড্রিসকল বলেন,** "কমপ্লেক্সের উপকারের জন্য গুরুত্বপূর্ণ দূরবর্তী সৌর উৎপাদন, জ্বালানি দক্ষতা ও সংস্কার প্রকল্পগুলোর মাধ্যমে NYPA ও OGS এম্পায়ার স্টেট প্লাজায় একটি সমন্বিত জ্বালানি রূপান্তর বাস্তবায়ন করছে, এবং বার্ষিক ট্রি লাইটিং ও ছুটির মৌসুমের জন্য যথাসময়ে নতুন LED লাইটিং সিস্টেম সম্পন্ন করতে পারায় আমরা অত্যন্ত আনন্দিত। এই লাইটগুলোর বছরব্যাপী বিভিন্ন ধরনের অনুষ্ঠান উদযাপনের সাথে সঙ্গতি রেখে প্লাজার অভ্যন্তরীণ ভবনগুলোকে গতিময়ভাবে আলোকিত করার সক্ষমতা রয়েছে।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর ভাইস প্রেসিডেন্ট ও এক্সিকিউটিভ ডিরেক্টর অব ট্যুরিজম রস ডি. লেভি বলেন,** "এম্পায়ার স্টেট প্লাজা আইস রিঙ্ক রাজধানী অঞ্চলের শীতকালীন বৃহৎ ঐতিহ্যগুলোর মধ্যে একটি, এবং প্লাজায় আয়োজিত পরিবার-বান্ধব অনুষ্ঠানগুলো এই মৌসুম উদযাপনের একটি চমৎকার উপায়, যা অধিবাসী ও দর্শনার্থীদের সমানভাবে তাদের প্রিয় জিনিস খুঁজে নিয়ে আনন্দের একটি অংশ হয়ে উঠতে উৎসাহিত করে।"

**হাইমার্ক ব্লু শিল্ডের ভাইস প্রেসিডেন্ট অব কমার্শিয়াল সেলস কেইথ ডোলান বলেন,** "কমিউনিটি-ভিত্তিক স্বাস্থ্য পরিকল্পনা হিসেবে, নর্থইস্টার্ন নিউ ইয়র্কের হাইমার্ক ব্লু শিল্ড সদস্যদের ও কমিউনিটিকে বছরব্যাপী সুস্থ ও সক্রিয় থাকার সুযোগ করে দিতে চায়। এই অনুষ্ঠান ও ট্রি লাইটিং শুধু স্কেটিং এর আরো একটি মৌসুমের সূচনাকেই চিহ্নিত করে না, বরং এটি এমন একটি জায়গায় ছুটির দিন শুরু করছে যেখানে পরিবার, বন্ধুবান্ধব, ও সমগ্র কমিউনিটি একটি মজার, মৌসুমি ক্রিয়াকলাপের জন্য নিরাপদে একত্রিত হতে পারে।"

**হ্যানাফোর্ড সুপারমার্কেটের ডিরেক্টর অব অপারেশন্স অ্যান্ডি উইলেট বলেন,** "হ্যানাফোর্ডে আমরা নিউ ইয়র্ক স্টেটের অফিস অব জেনারেল সার্ভিসেস (Office of General Services)-এর সাথে অংশীদার হয়ে এম্পায়ার স্টেট প্লাজায় আরো একটি শীতকালীন মৌসুম শুরু করতে পেরে রোমাঞ্চিত বোধ করছি। প্রায় এক দশক ধরে, আমরা আমাদের বিনামূল্যে স্কেট-ভাড়া দেয়ার কর্মসূচি আয়োজন করে যাচ্ছি এবং এটির জনপ্রিয়তা ক্রমাগত বৃদ্ধি পেতে দেখেছি। এবছর আমরা আবারো শনিবারগুলোতে বরফের উপর ঘুরে বেড়াতে চাওয়া ব্যক্তি ও পরিবারগুলোর জন্য বিনামূল্যে স্কেট ব্যবহারের সুযোগ প্রদান করবো। 4 ডিসেম্বর, শনিবার থেকে আমাদের বিনামূল্যে স্কেট ভাড়া দেয়া শুরু হবে, এবং আমরা সব স্কেটারকে স্টেটের রাজধানী সংলগ্ন একটি নান্দনিক ও ঐতিহাসিক আইস রিঙ্কে এই সযত্নে লালিত ঐতিহ্য উপভোগ করার জন্য আমন্ত্রণ জানচ্ছি।"

<u>কর্মসূচির সময়সূচি:</u>

- ***এম্পায়ার স্টেট প্লাজা আইস রিঙ্ক উন্মোচনের দিন,*** শুক্রবার, 3 ডিসেম্বর, দুপুর - রাত 8টা, যেখানে DJ T.G.I.F সন্ধ্যা 6টা থেকে রাত 8টা পর্যন্ত পরিবেশন করবে।

- ***মৌসুমের প্রথম হ্যানাফোর্ড ফ্রি স্কেট রেন্টাল স্যাটারডে***, 4 ডিসেম্বর।

- ***নর্থইস্টার্ন নিউ ইয়র্কের হাইমার্ক ব্লু শিল্ডের পরিচালনায় নিউ ইয়র্ক স্টেট হলিডে ট্রি লাইটিং,*** রবিবার, 5 ডিসেম্বর, দুপুর - রাত 8টা। স্কিটার ক্রিকের সঙ্গে রক-এন্ড-স্কেট, হাডসন মোহাক ফিগার স্কেটিং ক্লাব (Hudson Mohawk Figure Skating Club) দ্বারা স্কেটিং প্রদর্শনী, টিউবা ক্রিসমাস (Tuba Christmas) এর পারফর্ম্যান্স, এবং প্লাজার উল্লেখযোগ্য জায়গাগুলোতে সান্তার সাথে ছবি তোলার সুযোগ সহ পরিবারের সদস্যরা নিশ্চিতভাবে উপভোগ করবেন এমন ক্রিয়াকলাপের মধ্য দিয়ে এই মৌসুম উদযাপন করুন। স্টুয়ার্ট'স শপ (Stewart's Shop) সরবরাহ থাকা পর্যন্ত এগনগ ও হলিডে-ফ্লেভারের কফির স্যাম্পল প্রদান করবে। প্লাজার বি-র‍্যাড'স এক্সপ্রেস (B-Rad's

Express) ও কর্ণারস্টোনে (Cornerstone) রিফ্রেশমেন্টও কিনতে পাওয়া যাবে। নিউজ 10 ABC মর্নিং টিমের উপস্থাপনায় আনুষ্ঠানিক ট্রি লাইটিং ও আতশবাজি উৎসব বিকাল 5:15টা থেকে শুরু হবে।

- ***গ্রেট ট্রেন এক্সট্রাভ্যাগেঞ্জা (Great Train Extravaganza),*** রবিবার, 5 ডিসেম্বর, সকাল 10টা - বিকাল 4:00টা, এম্পায়ার স্টেট প্লাজা কনভেনশন সেন্টার। নিউ ইয়র্কের সর্ববৃহৎ মডেল রেলপথ ও শখের খেলনা রেলগাড়ি নিয়ে প্রদর্শনী আয়োজন করা হবে যেখানে কয়েক ডজন ভেন্ডর বিক্রির জন্য নতুন ও ব্যবহৃত রেলগাড়ি, ও পার্টস, পোশাক, স্মারক, ফটোগ্রাফ, ও অ্যাক্সেসরি নিয়ে অবস্থান করবে। টিকিট কেটে প্রবেশযোগ্য এই কর্মসূচির মধ্যে রেলপথের ইতিহাস ও শিল্পকর্ম এবং এম্পায়ার স্টেট প্লাজা কনকোর্সে একটি রেলপথে চড়ে বেড়ানোর ব্যবস্থাও থাকবে৷ টিকেটের মূল্য প্রাপ্তবয়স্কদের জন্য 7 ডলার এবং 12 বছরের কমবয়সী শিশুদের জন্য বিনামূল্যে।

- ***নর্থইস্টার্ন নিউ ইয়র্কের হাইমার্ক ব্লু শিল্ডের পরিচালনায় এবং হাডসন মোহাক ফিগার স্কেটিং ক্লাবের আয়োজনে মৌসুমের প্রথম লার্ন টু স্কেট ক্লিনিক।*** শনিবার, 11 ডিসেম্বর, সকাল 10টা - দুপুর। 8 জানুয়ারি, 5 ফেব্রুয়ারি, ও 5 মার্চ আরো ক্লিনিকের আয়োজন থাকবে। empirestateplaza.ny.gov ওয়েবসাইটে অনলাইনে প্রি-রেজিস্ট্রেশন করা আবশ্যক। অনুগ্রহ করে অল্পবয়সী স্কেটারদেরকে উষ্ণ পোশাক, টুপি, গ্লাভস, ও মোজা পরিয়ে দিতে ভুলবেন না।

আইস রিঙ্ক সম্পর্কে তথ্য:

- **সময়সূচি:** দুপুর থেকে রাত 8টা। মঙ্গলবার থেকে রবিবার, আবহাওয়া অনুকূলে থাকলে। রক্ষণাবেক্ষণের জন্য কর্মদিবসগুলোতে বিকাল 3:30টা থেকে বিকাল 4:30টা পর্যন্ত বন্ধ থাকবে এবং উইকএন্ডে দুপুর 2টা থেকে দুপুর 3টা পর্যন্ত এবং বিকাল 5টা থেকে সন্ধ্যা 6টা পর্যন্ত বন্ধ থাকবে। রিঙ্কটি তিনটি সোমবারে খোলা থাকবে: 27 ডিসেম্বর, 17 জানুয়ারি, ও 21 ফেব্রুয়ারি।

- **স্কেট করার খরচ:** ফ্রি

- **স্কেট ভাড়া:** প্রাপ্তবয়স্কদের জন্য 4 ডলার, 12 বছর বা তার কমবয়সী শিশুদের জন্য 3 ডলার। স্কেট ভাড়া নেয়ার জন্য ছবিযুক্ত আইডি প্রয়োজন হবে। প্রতিটি শনিবার হলো হ্যানাফোর্ড ফ্রি স্কেট রেন্টাল স্যাটারডে।

- **সুযোগ-সুবিধা:** রিঙ্ক সংলগ্ন কাঁচ দিয়ে ঘেরা প্যাভিলিয়নে লকার, স্কেট ভাড়া নেয়া, ও রিফ্রেশমেন্টের ব্যবস্থা থাকবে। এছাড়াও শিশুদের হেলমেট ও অনভিজ্ঞ স্কেটারদের জন্য আইস ওয়াকার/ট্রেইনারও বিনামূল্যে পাওয়া যাবে।

রিঙ্কের অবস্থা সম্পর্কে আপডেট এবং প্লাজায় শীতকালীন অনুষ্ঠান ও ক্রিয়াকলাপ সম্পর্কে আরো তথ্যের জন্য, empirestateplaza.ny.gov ওয়েবসাইট দেখুন, ফেসবুকে (Facebook)

@EmpireStatePlaza এ, এবং টুইটারে (Twitter) @PlazaEvents এ যান, অথবা (518) 474-4759 নম্বরে ফোন করুন।
কর্মসূচি সম্পর্কিত তথ্য, যেমন পার্কিং, দিকনির্দেশনা, ও পালনীয় নিয়মাবলী সম্পর্কে জানতে empirestateplaza.ny.gov ওয়েবসাইটে যান।

প্লাজায় শীতকালীন অনুষ্ঠানগুলোর পৃষ্ঠপোষকদের মধ্যে নর্থইস্টার্ন NY-এর হাইমার্ক ব্লু শিল্ড, হ্যানাফোর্ড সুপারমার্কেট, MVP হেলথ কেয়ার, আই লাভ NY, হাডসন মোহাক ফিগার স্কেটিং ক্লাব, CDTA, SEFCU, স্টুয়ার্ট'স শপস, টাইমস ইউনিয়ন, PYX 106, 99.5 দ্যা রিভার, 98.3 TRY, ও নিউজ 10 ABC অন্তর্ভুক্ত রয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন